

স্বাস্থ্য

থামছে না হাম, আরও ৪ শিশুর মৃত্যু

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ০৫:১৪ PM



দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও এর উপসর্গে আরও ৪ জনের মৃত্যু হয়েছে। এতে চলতি বছরের ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট প্রাণহানি দাঁড়িয়েছে ১,১১৪ জনে।

একই সময়ে নতুন করে ১ হাজার ২৪২ জনের শরীরে হাম ও এর উপসর্গ দেখা গেছে। শুক্রবার (২ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হাম-বিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

অধিদপ্তর জানায়, গত একদিনের চার মৃত্যুই ঢাকা বিভাগে। এর মধ্যে তিনজন হামের উপসর্গ নিয়ে এবং একজন নিশ্চিত হামে মারা গেছেন।

১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট মৃত্যুর মধ্যে নিশ্চিত হামে মারা গেছেন ১০২ জন। বাকি ১ হাজার ১২ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে।

একই সময়ে ১ লাখ ৯৪ হাজার ৮৪ জনের শরীরে হামের উপসর্গ দেখা গেছে। এর মধ্যে ২১ হাজার ৬২৩ জনের হাম নিশ্চিতভাবে শনাক্ত হয়েছে, যা উপসর্গ দেখা দেওয়া মোট রোগীর প্রায় ১১ শতাংশ।

হাসপাতালগুলোয় ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হামের উপসর্গ নিয়ে ভর্তি হয়েছেন ১ লাখ ৭২ হাজার ২১ জন। তাঁদের মধ্যে ১ লাখ ৬৬ হাজার ৯৩৩ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন, যা ভর্তি রোগীর প্রায় ৯৭ শতাংশ।

এ বিভাগের আরও খবর



ডেঙ্গুতে আরও ৬ জনের মৃত্যু, হাসপাতালে ১৬০৮
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ছয় জনের মৃত্যু হয়েছে। এ সময় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৬০৮ জন। মারা যাওয়া ছয় জন...



হামের উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু
দেশে ক্রমেই দীর্ঘ হচ্ছে হামে মৃত্যুর মিছিল। গত ২৪ ঘণ্টায় রোগটির উপসর্গ নিয়ে আরও ৮ শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর হামের উপসর্গ নিয়ে ১ হা...



একদিনে ডেঙ্গুতে আরও ৬ মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৯৪৮
দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে মৃত্যুর মিছিলে আরও ছয়জন যুক্ত হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ২৪৫ জনের মৃত্যু হলো। বুধবার (৩০ সেপ্টেম্বর) রা...



জেলা হাসপাতালে ১০, মেডিকেল কলেজে ৫০ ডায়ালাইসিস মেশিন স্থাপন করা হবে
দেশের জেলা হাসপাতাল ও মেডিকেল কলেজগুলোতে ডায়ালাইসিস সেবা সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে সরকার। পরিকল্পনা অনুযায়ী, প্রতিটি জেলা হাসপাতালে ১০টি এবং...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/thamchhe-na-ham-aro-4-shishur-mritju>